

ISO 9001:2015
CERTIFIED

নির্বাহী পরিচালক (ওএন্ডএম), পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

এবং

ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩-৪
প্রস্তাবনা	৫
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৬-৭
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	৮
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৯-১২
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১৪-১৫
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৬-১৭



কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বিদ্যুৎ উৎপাদনের মাস্টার প্ল্যান এবং ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার সাথে সমন্বয় রেখে বিদ্যুৎ উৎপাদন ২০০৯ খৃষ্টাব্দে ৪,৯৪২ মেগওয়াট হতে ২০২৩ খৃষ্টাব্দে ২৩,৩৩২ মেগওয়াট এ উন্নীত হয়েছে এবং জনপ্রতি বিদ্যুৎ উৎপাদন ২২০ কিলোওয়াট আওয়ার হতে ৬০৮.৭৬ কিলোওয়াট আওয়ারে বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ ব্যবহারকারী জনসংখ্যার অনুপাত ৪৭% হতে ১০০% হয়েছে। জাতীয় গ্রিডের নির্ভরযোগ্যতা ও নির্ভরশীলতা নিশ্চিতকরণের লক্ষ্যে উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের প্রাপ্যতা ৯৯.৯৬% এর অধিক এবং গ্রিড সিস্টেমের ব্যাপক সম্প্রসারণ হওয়া সত্ত্বেও সঞ্চালন লস ৩.১৫% এর মধ্যে বজায় রাখা সম্ভবপন্ন হয়েছে।

এছাড়াও গ্রিড নেটওয়ার্কের ময়মনসিংহ, চট্টগ্রাম, রংপুর এবং ঢাকা (উত্তর) অঞ্চলে Special Protection Scheme বাস্তবায়নের মাধ্যমে সঞ্চালন লাইন এবং উপকেন্দ্রের প্রাপ্যতা বৃদ্ধিসহ অঞ্চল ভিত্তিক বিদ্যুৎ বিচ্ছিন্নতা এড়ানো সম্ভব হয়েছে। বিদ্যুৎ কেন্দ্রসমূহ সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণের মাধ্যমে সিস্টেম ফ্রিকুয়েন্সির প্রাইমারী নিয়ন্ত্রণের জন্য ২০১৬ সালে প্রথম পরীক্ষামূলকভাবে কয়েকটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র FGMO অপারেশনে নিয়ে আসার পর ফলাফল ইতিবাচক পাওয়ায় ২০১৭ সাল হতে অনেকগুলি জেনারেটর FGMO অপারেশনে যোগ দেয়। বর্তমানে প্রায় ২৬টি বিদ্যুৎ কেন্দ্র FGMO মোডে চালু আছে। এর ফলে পূর্বের 50 ± 1.2 হার্জ এর সিস্টেম ফ্রিকুয়েন্সি এখন প্রায় 50 ± 0.65 হার্জ এর কাছে নেমে এসেছে। যা বাংলাদেশের পাওয়ার সিস্টেমে একটি উল্লেখযোগ্য অর্জন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

বিদ্যুৎ সঞ্চালন যন্ত্রপাতি আমদানিঃ দেশে উল্লেখযোগ্য প্রকার ও পরিমাণের মানসম্পন্ন বিদ্যুৎ সঞ্চালন যন্ত্রপাতি প্রস্তুত হয় না। এগুলো বিদেশ হতে আমদানি করা ছাড়া বিকল্প নেই। সাম্প্রতিক বছরগুলোতে দুই-একটি প্রস্তুতকারী প্রতিষ্ঠান ১৩২/৩৩ কেভি ট্রান্সফরমার এবং এমএস টাওয়ার সেকশন উৎপাদন করছে। ইনসুলেটর এবং বিদ্যুৎ পরিবাহী সঞ্চালন তার এখনো বিদেশ হতে আমদানি করতে হচ্ছে। বিদ্যুৎ সঞ্চালনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দেশে প্রস্তুত করা হলে এক্ষেত্রে বৈদেশিক নির্ভরতা হ্রাস পাবে এবং দ্রুত উন্নয়ন কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

বিদ্যুৎ উৎপাদন প্রকল্প অর্থায়নঃ সঞ্চালন সিস্টেমের অবকাঠামো উন্নয়নের গুরুত্ব বিবেচনায় উন্নয়ন সহযোগি সংস্থাসমূহ, জিওবি এবং পিজিসিবি অর্থায়নে বর্তমানে ১৬ টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, যার প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ প্রায় ৮.৪০৭ বিলিয়ন ইউএস ডলার। এছাড়া, পিজিসিবি'র আরো ৬টি পরিকল্পনাধীন প্রকল্পে অর্থায়নের বিষয়ে উন্নয়ন সহযোগি সংস্থাসমূহের নিশ্চয়তা পাওয়া গিয়েছে, উক্ত প্রকল্পসমূহের পিডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ প্রায় ২.৫৩ বিলিয়ন ইউএস ডলার। সঞ্চালন অবকাঠামোর উন্নয়নের জন্য অর্থায়ন বর্তমানে কোন সমস্যা না হলেও প্রক্ষেপন অনুযায়ী বিদ্যুতের চাহিদা বৃদ্ধি না পাওয়ায় পিজিসিবি বিপুল আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। ফলে ঋণ পরিশোধের ক্ষেত্রে পিজিসিবি বর্তমানে কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে এবং ভবিষ্যতে আরো গুরুতর আকার ধারণ করতে পারে। তাই পিজিসিবি'র আর্থিক ক্ষতি হতে রক্ষা করার জন্য এখনি বানিজ্যিক বিবেচনায় সঞ্চালন ট্যারিফ নির্ধারণ করা জরুরী।

ইকোনোমিক লোড ডেসপ্যাচ বাস্তবায়ন: বর্তমানে ম্যানুয়ালি সকল বিদ্যুৎ কেন্দ্রের প্রতি ইউনিট উৎপাদন খরচ বিবেচনায় নিয়ে মেরিট অর্ডার ডেসপ্যাচ করা হচ্ছে এবং সফটওয়্যারের মাধ্যমে মেরিট অর্ডার রিপোর্ট প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। কিন্তু এ প্রক্রিয়ায় নির্ভুল ইকোনোমিক লোড ডেসপ্যাচ সম্ভব নয়। নির্ভুল ইকোনোমিক লোড ডেসপ্যাচের জন্য প্রয়োজন অত্যাধুনিক রিয়েল টাইম সফটওয়্যার যা লাইভ পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক থেকে তথ্য সংগ্রহ করে অটোমেটেড ইকোনোমিক মেরিট অর্ডার লিস্ট প্রস্তুত করবে। কিন্তু সকল পাওয়ার প্ল্যান্ট/উপকেন্দ্রের তথ্য স্কাড ইন্টিগ্রেটেড না থাকায় ইকোনোমিক লোড ডেসপ্যাচ বাস্তবায়ন চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

দক্ষ লোকবল সৃষ্টিঃ বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো নির্মাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য বিদ্যুৎ সঞ্চালন সম্পর্কিত যথাযথ কারিগরি প্রশিক্ষণের অপরিাপ্ততা দূরীকরণের মাধ্যমে পিজিসিবি'র বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থাপনার উন্নয়ন ও পরিচালনার ক্ষেত্রে দক্ষ মানব সম্পদ গড়ে তোলা সম্ভব।

হইলিং চার্জঃ বিভিন্ন বিতরনকারী সংস্থা হইলিং বিল ও পাওনাদি সম্পূর্ণরূপে পরিশোধ করলে এবং উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের সংরক্ষণ ও পরিচালন ব্যয় বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে হইলিং চার্জ প্রয়োজনানুযায়ী বৃদ্ধি করা হলে প্রতিষ্ঠানের আর্থিক চাহিদা পূরণ সহ নতুন প্রকল্পে বিনিয়োগ সম্ভব হবে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের মাস্টার প্ল্যান অনুসারে বিদ্যুৎ উৎপাদন ২০২৫ খ্রিস্টাব্দে ৩০,০০০ মেঃওঃ, ২০৩০ খ্রিস্টাব্দে ৪০,০০০ মেঃওঃ এবং ২০৪১ খ্রিস্টাব্দে ৬০,০০০ মেঃওঃ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং সবার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকারের প্রতিশ্রুতি অর্জনে পিজিসিবি বিপুল উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেছে যা সঞ্চালন সিস্টেমকে আরো শক্তিশালী করবে। সঞ্চালন সিস্টেমের অবকাঠামো উন্নয়নে পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যানের আলোকে ২০২৫ সালের মধ্যে জাতীয় গ্রিড নেটওয়ার্কে প্রায় ২১,৩০০ সার্কিট কিঃমিঃ সঞ্চালন লাইন এবং প্রায় ১,২৬,৫৬০ এমভিএ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নে পিজিসিবি কাজ করে যাচ্ছে। এছাড়াও যথাযথ পরিকল্পনা প্রণয়ন ও অত্যাধুনিক টেলিকম/স্কাডা/ইএমএস সিস্টেম এর সার্ভারসমূহ পরিবর্তন এবং নেটওয়ার্ক ক্যাপাসিটি বৃদ্ধি ও উন্নয়নের মাধ্যমে সিস্টেম ফ্রিকুয়েন্সির অবস্থান 50 ± 0.50 হার্জ এর মধ্যে আনয়নে সচেষ্ট হবে। একই সাথে অত্যাধুনিক রিয়েল টাইম সফটওয়্যার ভিত্তিক সিস্টেম নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে মেরিট অর্ডারের ব্যতিক্রম সংখ্যা শূন্যতে আনার চেষ্টা করা হবে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- সঞ্চালন লাইনের এভেইলেবিলিটি ফ্যাক্টর ৯৯.৯৮% রাখা।
- উপকেন্দ্রের এভেইলেবিলিটি ফ্যাক্টর ৯৯.৯৮% রাখা।

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী পরিচালক (ওএন্ডএম), পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

এবং

ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ



সেকশন ১:

রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প:

দেশের অর্থনৈতিক উন্নয়নে সবার নিকট বিদ্যুৎ সরবরাহের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালন করা।

১.২ অভিলক্ষ্য:

জাতীয় পাওয়ার গ্রিডের দক্ষ ও কার্যকর ব্যবস্থাপনার মাধ্যমে দেশব্যাপী মানসম্পন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালন নিশ্চিত করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

- ১) বিদ্যুতের মানসম্মত সঞ্চালন ব্যবস্থা নিশ্চিত করা
- ২) জাতীয় পাওয়ার সিস্টেমে নির্ভরযোগ্য প্রটেকশন, স্ক্যাডা ও কমিউনিকেশন সিস্টেম নিশ্চিত করা
এবং ইকোনোমিক লোড ডেসপাস নিশ্চিত করা
- ৩) নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বাস্তবায়ন নিশ্চিত করা
- ৪) গড় নীট সম্পদের উপর বার্ষিক আয় অর্জন অব্যাহত রাখা এবং স্বচ্ছ ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে রাজস্ব ও মূলধন বাজেট বাস্তবায়ন নিশ্চিত করা

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

- ১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১.৪ কার্যাবলি: (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

- ১। সঞ্চালন লাইন এবং উপকেন্দ্র পরিচালন, সংরক্ষণ, আধুনিকায়ন ও পুনর্বাসন
- ২। গ্রিড কোড অনুযায়ী ভোল্টেজের মান নিশ্চিত করা
- ৩। সঞ্চালন লস হ্রাসকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ
- ৪। প্রোটেক্টিভ রিলের কার্যকারীতা পর্যবেক্ষণ
- ৫। এনার্জি মিটারের কার্যকারীতা পর্যবেক্ষণ
- ৬। সঞ্চালন ব্যবস্থার পর্যবেক্ষণ

৭। কমিউনিকেশন ব্যবস্থার পর্যবেক্ষন

৮। অপটিক্যাল ফাইবার লিজ গ্রহণকারীদের নেটওয়ার্ক -এর প্রাপ্যতা নিশ্চিত করা

৯। ইকোনোমিক লোড ডেসপাস বাস্তবায়ন করা

১০। বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন

১১। হইলিং চার্জ এবং ওপিজিডব্লিউ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব আদায় জোরদারকরণ

১২। রাজস্ব ও মূলধন বাজেট সম্পাদনের লক্ষ্যে যথাযথ ভাবে বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন

১৩। কার্যকরভাবে প্রকিউরমেন্ট ব্যবস্থা গড়ে তোলা



সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০২১-২২	২০২২-২৩		২০২৪-২৫	২০২৫-২৬		
নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরঞ্জাম	সঞ্চালন লাইনের এভেইলেবিলিটি ফ্যাক্টর	%	৯৯.৯৭	৯৯.৯৯	৯৯.৯৮	৯৯.৯৮	৯৯.৯৯	মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী এবং পিজিসিবি	পিজিসিবি'র গ্রিড উপকেন্দ্রসমূহ
	উপকেন্দ্রের এভেইলেবিলিটি ফ্যাক্টর	%	৯৯.৯৬	৯৯.৯৯	৯৯.৯৮	৯৯.৯৯	৯৯.৯৯	মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী এবং পিজিসিবি	পিজিসিবি'র গ্রিড উপকেন্দ্রসমূহ
	বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন	%	১০০	১০০	১০০	১০০	১০০	পিজিসিবি'র গ্রিড উপকেন্দ্রসমূহ, সংশ্লিষ্ট বিতরণ সংস্থা ও সংশ্লিষ্ট প্রশাসন	পিজিসিবি'র গ্রিড উপকেন্দ্রসমূহ হতে সংরক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন
জাতীয় পাওয়ার সিস্টেমের নির্ভরযোগ্যতা বৃদ্ধি	প্রোটেক্টিভ রিলে পরীক্ষাকৃত	সংখ্যা	১৪৬০	১৩০৩	১২৫০	১২৬০	১২৭০	সংশ্লিষ্ট বিতরণ সংস্থা এবং পিজিসিবি	সিপ্রমি দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন
	বিইআরসি রেগুলেশন অনুযায়ী তেসপাচে মোরিট অর্ডার অনুসরণকৃত	%	১০০	১০০	১০০	১০০	১০০	পিজিসিবি'র এনএলডিসি ও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহ	মোরিট অর্ডার ভায়লেশন প্রতিবেদন
	বিইআরসি রেগুলেশন অনুযায়ী তেসপাচে মোরিট অর্ডার অনুসরণকৃত	%	১০০	১০০	১০০	১০০	১০০	পিজিসিবি'র এনএলডিসি, বিউবো ও অন্যান্য বিদ্যুৎ (আইপিপি ও আরপিপি) উৎপাদন কেন্দ্র	পিজিসিবি'র এনএলডিসি ও বিউবো
আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	মাসিক হইলিং চার্জের বিল প্রত্যুত্তরন ও প্রেরণ	%	১০০	১০০	১০০	১০০	১০০	সংশ্লিষ্ট বিতরণ সংস্থাসমূহ এবং পিজিসিবি	বিতরণ সংস্থাকে প্রেরিত হইলিং বিল

সেকশন ৩ কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্ম সম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ	
							২০২২-২৩	২০২২-২৩	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	২০২২-২৩	২০২২-২৩	৯০%	৮০%	১০%	১৪	১৫	২০২৪-২৫	২০২৫-২৬
							৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯		
[১] বিদ্যুতের মানসম্মত সঞ্চালন ব্যবস্থা নিশ্চিত করা	২১	[১.১] সঞ্চালন লাইন এবং উপকেন্দ্র পরিচালন, সংরক্ষণ, আধুনিকায়ন ও পুনর্বাসন	[১.১.১] সঞ্চালন লাইনের এভেইলিবিলাসি ফ্যাক্টর	ক্রমপঞ্জিত	%	৭	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
			[১.১.২] উপকেন্দ্রের এভেইলিবিলাসি ফ্যাক্টর	ক্রমপঞ্জিত	%	৭	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
[২] জাতীয় পাওয়ার সিস্টেমে নির্ভরযোগ্য প্রটেকশন, স্ক্যাডা ও কমিউনিকেশন সিস্টেম নিশ্চিত করা এবং ইকোনোমিক লোড ডেসপাস নিশ্চিত করা	২০	[২.১] গ্রিড কোড অনুযায়ী ভোল্টেজের মান নিশ্চিত করা	[২.১.১] উপকেন্দ্রের সিস্টেম পাওয়ার ফ্যাক্টর	ক্রমপঞ্জিত	%	৮	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
			[২.১.২] সঞ্চালন লস হ্রাসকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ	ক্রমপঞ্জিত	%	৩	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
[২] জাতীয় পাওয়ার সিস্টেমে নির্ভরযোগ্য প্রটেকশন, স্ক্যাডা ও কমিউনিকেশন সিস্টেম নিশ্চিত করা এবং ইকোনোমিক লোড ডেসপাস নিশ্চিত করা	২০	[২.২] এনার্জি মিটারের কার্যকারিতা পর্যবেক্ষন	[২.২.১] সঞ্চালন সিস্টেম লস	ক্রমপঞ্জিত	%	৩	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
			[২.২.২] এনার্জি মিটারের কার্যকারিতা পর্যবেক্ষন	ক্রমপঞ্জিত	%	৩	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
[২] জাতীয় পাওয়ার সিস্টেমে নির্ভরযোগ্য প্রটেকশন, স্ক্যাডা ও কমিউনিকেশন সিস্টেম নিশ্চিত করা এবং ইকোনোমিক লোড ডেসপাস নিশ্চিত করা	২০	[২.৩] সঞ্চালন ব্যবস্থার পর্যবেক্ষন	[২.৩.১] স্ক্যাডা সিস্টেমের এভেইলিবিলাসি ফ্যাক্টর	ক্রমপঞ্জিত	%	৮	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
			[২.৩.২] কমিউনিকেশন ব্যবস্থার এভেইলিবিলাসি ফ্যাক্টর	ক্রমপঞ্জিত	%	৮	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
[২] জাতীয় পাওয়ার সিস্টেমে নির্ভরযোগ্য প্রটেকশন, স্ক্যাডা ও কমিউনিকেশন সিস্টেম নিশ্চিত করা এবং ইকোনোমিক লোড ডেসপাস নিশ্চিত করা	২০	[২.৪] অপটিক্যাল ফাইবার লিজ গ্রহণকারীদের নেটওয়ার্ক-এর	[২.৪.১] অপটিক্যাল ফাইবার লিজ গ্রহণকারীদের নেটওয়ার্ক-এর	ক্রমপঞ্জিত	%	২	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	
			[২.৪.২] অপটিক্যাল ফাইবার লিজ গ্রহণকারীদের নেটওয়ার্ক-এর	ক্রমপঞ্জিত	%	২	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	৯৯.৯৯	


কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্ম সম্পাদন সূচকের মান	প্রযুক্ত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ		
							২০২১-২২	২০২২-২৩	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	২০২৪-২৫	২০২৫-২৬	
১	২	৩ প্রাপ্ততা নিশ্চিত করা	৪ এভেইলিবিলাটি ফায়ার	৫	৬	৭	৪	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	
[৩] নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ বাস্তবায়ন নিশ্চিত করা	১৫	[২.৬] ইকোনোমিক লোড ডেসপাস বাস্তবায়ন করা [৩.১] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	[২.৬.১] বিইআরসি রেগুলেশন অনুযায়ী ডেসপাচে মেরিট অর্ডার অনুসরণকৃত [৩.১.১] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন [৩.১.২] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন	ক্রমপঞ্জিত তারিখ	% তারিখ	২ ৮	১০০ -	১০০% ৩০.০৯.২৩	৯০% ০১.১০.২৩	৮০% ০৩.১০.২২	৭০% ০১.১০.২২	৬০% ০৩.০৯.২৪	৬০% ৩০.০৯.২৫	১০০ ৩০.০৯.২৪	১০০ ৩০.০৯.২৫	১০০
[৪] গড় নীট সম্পদের উপর বার্ষিক আয় অর্জন অব্যাহত রাখা এবং স্বচ্ছ ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে রাজস্ব ও মূলধন বাজেট বাস্তবায়ন নিশ্চিত করা	১৪	[৪.১] হইলিং চার্জ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব আদায়- জোরদারকরণ [৪.২] রাজস্ব ও মূলধন বাজেট সম্পাদনের লক্ষ্যে যথাযথ ভাবে বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন [৪.৩] কার্যকরভাবে প্রকিউরমেন্ট ব্যবস্থা গড়ে তোলা	[৪.১.১] মাসিক হইলিং চার্জের বিল প্রত্যুতকরণ ও প্রেরণ [৪.২.১] অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন [৪.৩.১] ই-জিসি দরপত্র (১ লাখ - ১০০ কোটি পর্যন্ত) সকল স্থানীয় স্থানে প্রযোজ্য	ক্রমপঞ্জিত তারিখ	% তারিখ	৫ ৫	১০০ ১১-০৭- ২০২২	১০০ ১৫-০৭- ২০২৩	৯৫ ১৮-০৭- ২০২৩	৯৮ ২০২৩	৯৭ ২০২৩	৮৫ ২০২৩	৮০ ২০২৩	১০০ ১১-০৭- ২০২৪	১০০ ১১-০৭- ২০২৫	১০০

আমি, নির্বাহী পরিচালক (ওএন্ডএম), পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, হিসেবে ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড, হিসেবে নির্বাহী পরিচালক (ওএন্ডএম), পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:





নির্বাহী পরিচালক (ওএন্ডএম)
পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

তারিখ





ব্যবস্থাপনা পরিচালক
পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড

তারিখ

সংযোজনী-১ শব্দসংক্ষেপ

ক্রমিক নং	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	বিউবো	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
২	বিআরইবি	বাংলাদেশ রুরাল ইলেক্ট্রিফিকেশন বোর্ড
৩	ডিপিডিসি	ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
৪	ডেসকো	ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
৫	ওয়েস্ট জোন	ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
৬	নেসকো	নর্দান ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
৭	ইজিসিবি	ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
৮	এমআইএস	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম
৯	এমভিএ	মেগাভোল্ট অ্যাম্পিয়ার
১০	FGMO	Free Governor Mode Operation
১১	AGC	Automatic Generation Control
১২	পিজিসিবি	পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
১৩	OPGW	Optical Fiber Ground Wire
১৪	SCADA	Supervisory Control and Data Acquisition
১৫	OFCL	Optical Fiber Commercial Leasing
১৬	SPMC	System Protection and Metering Circle



সংযোজনী- ২:

কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
১	[১.১] সঞ্চালন লাইন এবং উপকেন্দ্র পরিচালন, সংরক্ষণ, আধুনিকায়ন ও পুনর্বাসন	[১.১.১] সঞ্চালন লাইনের এভেইলেবিলিটি ফ্যাক্টর	সকল গ্রিড সার্কেল, পিজিসিবি	সকল গ্রিড সার্কেল থেকে প্রাপ্ত সঞ্চালন লাইনের প্রাপ্যতার গড় মাসভিত্তিক তথ্য
		[১.১.২] উপকেন্দ্রের এভেইলেবিলিটি ফ্যাক্টর	সকল গ্রিড সার্কেল, পিজিসিবি	সকল গ্রিড সার্কেল থেকে প্রাপ্ত উপকেন্দ্রের প্রাপ্যতার গড় মাসভিত্তিক তথ্য
২	[১.২] গ্রিড কোড অনুযায়ী ভোল্টেজের মান নিশ্চিত করা	[১.২.১] উপকেন্দ্রের সিস্টেম পাওয়ার ফ্যাক্টর	পিজিসিবি'র সকল গ্রিড সার্কেল এবং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও বিতরণ সংস্থাসমূহ	উপকেন্দ্রের সিস্টেম পাওয়ার ফ্যাক্টরের গড় মাসভিত্তিক তথ্য
৩	[১.৩] সঞ্চালন লস হ্রাসকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ	[১.৩.১] সঞ্চালন সিস্টেম লস	পিজিসিবি, বিপিডিবি ও অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রসমূহ	মন্ত্রণালয়ে প্রেরিত পিজিসিবি'র মাস ভিত্তিক সঞ্চালন লস প্রতিবেদন
৪	[২.১] প্রোটেক্টিভ রিলের কার্যকারিতা পর্যবেক্ষণ	[২.১.১] প্রোটেক্টিভ রিলে পরীক্ষাকৃত	System Protection and Metering Circle, PGCB	Relay Testing Report from SPMC
৫	[২.২] এনার্জি মিটারের কার্যকারিতা পর্যবেক্ষণ	[২.২.১] এনার্জি মিটার পরীক্ষাকৃত	System Protection and Metering Circle, PGCB	Meter Testing Report from SPMC
৬	[২.৩] সঞ্চালন ব্যবস্থার পর্যবেক্ষণ	[২.৩.১] স্ক্যাডা সিস্টেমের প্রাপ্যতা	SCADA Circle, PGCB	Report from SCADA Circle
৭	[২.৪] কমিউনিকেশন ব্যবস্থার পর্যবেক্ষণ	[২.৪.১] কমিউনিকেশন ব্যবস্থার প্রাপ্যতা	Communication Circle, PGCB	Report from Communication Circle
৮	[২.৫] অপটিক্যাল ফাইবার লিজ গ্রহণকারীদের নেটওয়ার্ক -এর প্রাপ্যতা নিশ্চিত করা	[২.৫.১] চুক্তি অনুযায়ী অপটিক্যাল ফাইবারের এভেইলেবিলিটি ফ্যাক্টর	ওএফসিএল, পিজিসিবি	ক্রায়েন্ট হতে প্রাপ্ত নেটওয়ার্ক অ্যাভেইলেবিলিটির রিপোর্ট
৯	[২.৬] ইকোনোমিক লোড ডেসপাস বাস্তবায়ন করা	[২.৬.১] বিইআরসি রেগুলেশন অনুযায়ী ডেসপাচে মেরিট অর্ডার অনুসরণকৃত	পিজিসিবি'র এনএলডিসি, বিপিডিবি ও অন্যান্য বিদ্যুৎ (আইপিপি ও আরপিপি) উৎপাদন কেন্দ্র	মেরিট অর্ডার ভায়োলেশন প্রতিবেদন
১০	[৩.১] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	[৩.১.১] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন	সকল গ্রিড উপকেন্দ্র ও জিএমডিসমূহ	জিএমডিসমূহ থেকে প্রাপ্ত বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা তথ্য
		[৩.১.২] বার্ষিক সংরক্ষণ	সকল গ্রিড উপকেন্দ্র ও	উপকেন্দ্রসমূহ থেকে প্রাপ্ত

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
		পরিকল্পনা বাস্তবায়ন	জিএমডিসমূহ	বার্ষিক সংরক্ষণ কাজের তথ্য
১১	[৪.১] হইলিং চার্জ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব আদায় জোরদারকরণ	[৪.১.১] মাসিক হইলিং চার্জের বিল প্রস্তুতকরণ ও প্রেরণ	সকল জিএমডিসমূহ	জিএমডিসমূহ থেকে প্রাপ্ত প্রস্তুতকৃত বিলের তথ্য
১২	[৪.২] রাজস্ব ও মূলধন বাজেট সম্পাদনের লক্ষ্যে যথাযথ ভাবে বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৪.২.১] অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন	সকল জিএমডিসমূহ ও সার্কেল	সকল জিএমডিসমূহ ও সার্কেল অফিস থেকে প্রাপ্ত তথ্য
১৩	[৪.৩] কার্যকরভাবে প্রকিউরমেন্ট ব্যবস্থা গড়ে তোলা	[৪.৩.১] ই-জিপি দরপত্র (১ লাখ - ১০০ কোটি পর্যন্ত) সকল স্থানীয় যেখানে প্রযোজ্য	সকল জিএমডিসমূহ ও সার্কেল অফিস	সকল জিএমডিসমূহ ও সার্কেল অফিস থেকে প্রাপ্ত তথ্য

M

সংযোজনী ৩:

অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
[১.২] গ্রিড কোড অনুযায়ী ভোল্টেজের মান নিশ্চিত করা	[১.২.১] উপকেন্দ্রের সিস্টেম পাওয়ার ফ্যাক্টর	বিউবো ও অন্যান্য (আইপিপি ও আরপিপি) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং বিতরণ সংস্থাসমূহ বিউবো, ডিপিডিসি, ডেসকো, বিআরইবি, ওজোপাডিকো ও নেসকো	গ্রাহক প্রান্তে ক্যাপাসিটর ব্যাংক স্থাপন ও জাতীয় লোড ডেসপ্যাচ সেন্টারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র ও বিতরণ সংস্থাসমূহের চাহিদা সমন্বয় সাধন, cost ইফেক্টিভ পদ্ধতিতে পাওয়ার ফ্যাক্টর উন্নতিকরণ
[১.৩] সঞ্চালন লস হ্রাসকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ	[১.৩.১] সঞ্চালন সিস্টেম লস	বিউবো ও অন্যান্য (আইপিপি ও আরপিপি) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং বিতরণ সংস্থাসমূহ	লোড পয়েন্টে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন করা ও সে মতে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা হলে দূরবর্তী স্থান হতে বিদ্যুৎ সঞ্চালনের প্রয়োজন হবে না ফলে লাইনের সঞ্চালন লস হ্রাস পাবে
[২.১] প্রোটেক্টিভ রিলের কার্যকারিতা পর্যবেক্ষন	[২.১.১] প্রোটেক্টিভ রিলে পরীক্ষাকৃত	সংশ্লিষ্ট বিতরণসংস্থা	অনুমোদিত শাট ডাউন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণসংস্থাকে অবহিতকরণ পূর্বক Testing কাজ সম্পাদন করা
[২.২] এনার্জি মিটারের কার্যকারিতা পর্যবেক্ষন	[২.২.১] এনার্জি মিটার পরীক্ষাকৃত	সংশ্লিষ্ট বিতরণসংস্থা	অনুমোদিত শাট ডাউন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিতরণসংস্থাকে অবহিতকরণ পূর্বক Testing কাজ সম্পাদন করা
[২.৩] সঞ্চালন ব্যবস্থার পর্যবেক্ষন	[২.৩.১] স্ক্যাডা সিস্টেমের প্রাপ্যতা	বিউবো ও অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (আইপিপি ও আরপিপি)	প্রয়োজন মোতাবেক যোগাযোগপূর্বক কাজ সম্পাদন করা
[২.৪] কমিউনিকেশন ব্যবস্থার পর্যবেক্ষন	[২.৪.১] কমিউনিকেশন ব্যবস্থার প্রাপ্যতা	বিউবো ও অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (আইপিপি ও আরপিপি)	প্রয়োজন মোতাবেক যোগাযোগপূর্বক কাজ সম্পাদন করা
[২.৫] অপটিক্যাল ফাইবার লিজ গ্রহণকারীদের নেটওয়ার্ক -এর প্রাপ্যতা নিশ্চিত করা	[২.৫.১] চুক্তি অনুযায়ী অপটিক্যাল ফাইবারের এভেইলেবিলিটি ফ্যাক্টর	ফাইবার লিজ গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ	লিজ গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ হতে Network Availability এর রিপোর্ট গ্রহণ
[২.৬] ইকোনোমিক লোড ডেসপাস বাস্তবায়ন করা	[২.৬.১] বিইআরসি রেগুলেশন অনুযায়ী ডেসপাচে মেরিট অর্ডার অনুসরণকৃত	পিজিসিবি'র এনএলডিসি, বিউবো ও অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (আইপিপি ও আরপিপি)	মেরিট অর্ডার অনুযায়ী কম খরচ মূল্যের ইউনিট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি আগে চালানো
[৩.১] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	[৩.১.১] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা প্রণয়ন	সংশ্লিষ্ট জিএমডি দপ্তর ও বিতরণ সংস্থা	যথা সম্ভব লোডশেডিং পরিহার করে পরিকল্পনা প্রণয়ন করা
	[৩.১.২] বার্ষিক সংরক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন	সংশ্লিষ্ট জিএমডি দপ্তর ও বিতরণ সংস্থা	লোডশেডিং পরিহার করা এবং ন্যূনতম আউটেজ নিশ্চিত করে কর্মসম্পাদন করা
[৪.১] হইলিং চার্জ এবং ওপিজিডব্লিউ এর বিল আদায়ের মাধ্যমে রাজস্ব	[৪.১.১] মাসিক হইলিং চার্জের বিল প্রস্তুতকরণ ও প্রেরণ	সংশ্লিষ্ট বিতরণসংস্থা	বকেয়া নিষ্পত্তিসহ নিয়মিত হইলিং বিল পরিশোধ করা

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
আদায় জোরদারকরণ			
[৪.২] রাজস্ব ও মূলধন বাজেট সম্পাদনের লক্ষ্যে যথাযথ ভাবে বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৪.২.১] অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন	আর্থিক ক্ষমতা অর্পণ বিধি অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর ও অন্যান্য প্রতিষ্ঠান	বাজেট সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পাদন করা।
[৪.৩] কার্যকরভাবে প্রকিউরমেন্ট ব্যবস্থা গড়ে তোলা	[৪.৩.১] ই-জিপি দরপত্র (১ লাখ - ১০০ কোটি পর্যন্ত) সকল স্থানীয় যেখানে প্রযোজ্য	অন্যান্য প্রতিষ্ঠানসমূহ	ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়নের মাধ্যমে সময়মত প্রকিউরমেন্ট ব্যবস্থা সম্পাদন নিশ্চিত করা

